



বুধবার চীন সফরে যাচ্ছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ট্রাম্প



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ট্রাম্প। ছবি: সংগৃহীত

তিন দিনের রাষ্ট্রীয় সফরে আগামী বুধবার চীন যাচ্ছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আন্তর্জাতিক উত্তেজনা, মধ্যপ্রাচ্যের সংঘাত ও বৈশ্বিক কূটনৈতিক পরিস্থিতির মধ্যে এই সফরকে বিশেষভাবে গুরুত্বপূর্ণ হিসেবে দেখা হচ্ছে।

সফরে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে বৈঠকে বসবেন ট্রাম্প। সেখানে আন্তর্জাতিক নিরাপত্তা, বাণিজ্য, প্রযুক্তি এবং সামরিক খুঁকিসহ বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা হতে পারে। মার্কিন প্রশাসনের লক্ষ্য, ইরান ইস্যুতে চীনের প্রভাব কাজে লাগিয়ে তেহরানকে আলোচনার টেবিলে আনা। একই সঙ্গে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং রাশিয়া ও ইরানের কাছে চীনের প্রযুক্তি সহায়তার বিষয়টিও আলোচনায় উঠতে পারে।

এছাড়া যুক্তরাষ্ট্র-চীন শুল্ক বিরোধ কমানো, বাণিজ্যিক সমঝোতা বাড়ানো এবং কৃত্রিম বুদ্ধিমত্তার সামরিক ব্যবহার নিয়ন্ত্রণ নিয়েও আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে। সফরের অংশ হিসেবে ট্রাম্প বেইজিংয়ের ঐতিহাসিক 'টেম্পল অব হেভেন' পরিদর্শন করবেন।